

## কষ্ট

এ, কে, এম, ফারুক

আশৈশবের রঙীন ঘুড়ি  
উড়লো না আর আকাশ জুড়ে  
মনের কোণে রইল পড়ে  
কষ্টে আঁকা তোমার ছবি।

সময়-পোকা খাচ্ছে কুড়ে  
স্মৃতির পাতা অষ্টগ্রহর  
কষ্ট তবু যায় না খাওয়া  
কষ্টগুলো জমাট পাথর।

অলীক সেতো নির্ভরতার  
আশায় তোমায় হাত বাড়ানো,  
সময় ফুরোয় সময় ফুরোয়  
কষ্ট তবু ফুরোলো কি?